ভাষা এবং সাক্ষরতা

# নিরীক্ষণ ও মতামত দান

## Monitoring and giving feedback





ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

*TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট)-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।*

*ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আর্ন্তজাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/)। OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।*

*TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।*

***ভিডিও সম্পদসমূহ***

*এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে:*  *। এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।*

*TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।*

*সংস্করণ 1.0 LL15v1*

*West Bengal*

*তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রী একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/*

*TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government*

# এই ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিটে আপনি আপনার শিক্ষার্থীদের ভাষা এবং সাক্ষরতা উন্নতির জন্য নিরীক্ষণ, মূল্যায়ন ও মতামত প্রদানের উপায় বিবেচনা করবেন। ক্রমাগত নিরীক্ষণ, মূল্যায়ন ও মতামত প্রদান আপনার শিক্ষার্থীদের উন্নতিতে কীভাবে আপনাকে পরিজ্ঞান (insight) দিতে পারে, এবং এই পরিজ্ঞান কীভাবে আপনার পরবর্তী পাঠ পরিকল্পনা এবং শিক্ষণে অবহিত করতে পারে তা আপনি জানবেন।

# এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- নিয়মিত প্রথাবহির্ভূত নিরীক্ষণ, মূল্যায়ন ও মতামত প্রদানের সুযোগ কীভাবে আপনার ভাষা পাঠে অংশীভূত করতে হয়।
- আপনার পরবর্তী শিক্ষণ পরিকল্পনায় শিক্ষার্থীদের মূল্যায়নের প্রভাব কীভাবে বিবেচনা করবেন।
- আপনার ছাত্রছাত্রীদের আত্মমূল্যায়ন ও সহপাঠীদের মূল্যায়ন কীভাবে যুক্ত করবেন।

# কেন এই পদ্ধতি গুরুত্বপূর্ণ

বছরে একবার বা দুবার শিক্ষার্থীদের সাফল্য সম্পর্কে পরীক্ষাগুলো তথ্য প্রদান করে এবং সাধারণভাবে তাদের পড়া এবং লেখার দক্ষতায় অলোকপাত করে। তবে, প্রতিটা পাঠে আপনার শিক্ষার্থীদের অগ্রগতি সম্বন্ধে নিরীক্ষণ, মূল্যায়ন ও মতামত প্রদান করার সুযোগ আছে। এই প্রসঙ্গে 'মতামত প্রদান'-এর অর্থ হলো একটা বিশেষ শিক্ষার উদ্দেশ্যের সাপেক্ষে শিক্ষার্থীদের নিজেদের কর্মক্ষমতা সম্বন্ধে গঠনমূলক মতামত দান এবং এটা কীভাবে উন্নত করতে হবে বা গড়ে তুলতে হবে সে সম্বন্ধে তাদের পথ নির্দেশ করা।

শিক্ষার্থীদের শোনা, বলা, পড়া ও লেখার উন্নয়নের বিভিন্ন দিকে নিরীক্ষণ, মূল্যায়ন ও মতামত প্রদান সম্পর্কযুক্ত হতে পারে। ধারাবাহিকভাবে আপনার শিক্ষার্থীদের তথ্য সংগ্রহের দ্বারা, এবং যারা অসুবিধার সম্মুখীন বা আরও চ্যালেঞ্জের জন্য প্রস্তুত সেসব শিক্ষার্থীদের শনাক্ত করার দ্বারা, শ্রেণিতে সবার প্রয়োজন ভালভাবে পূরণ করতে আপনি আপনার শিক্ষণ ব্যবহারোপযোগী করতে পারেন। আপনার নিয়মিত শ্রেণির অনুশীলনের মধ্যে নিরীক্ষণ, মূল্যায়ন ও মতামত প্রদান কীভাবে একত্রিত করা যায় তা এই ইউনিট আপনাকে দেখায়।

# 1 নিরীক্ষণ, মূল্যায়ন ও মতামত প্রদান সংক্রান্ত দৃষ্টিভঙ্গি ও অনুশীলনগুলো

নিরীক্ষণ, মূল্যায়ন ও মতামত প্রদান সংক্রান্ত আপনার দৃষ্টিভঙ্গি এবং অনুশীলনগুলো কী কী? জানতে অ্যাক্টিভিটি 1 চেষ্টা করুন।

## অ্যাক্টিভিটি 1: দৃষ্টিভঙ্গি ও অনুশীলন

একজন সহকর্মীর সঙ্গে একসাথে, এর পরবর্তী বিবৃতি পড়ুন। আপনি তাদের সঙ্গে সম্পূর্ণ বা আংশিকভাবে সম্মত বা অসম্মত কিনা স্থির করুন। আপনার মতামতের কারণ দিন।

- শিশুরা পরীক্ষাকে উদ্বেগজনক এবং চাপের বলে মনে করে। এর ফলে তারা ভালো ফল প্রদর্শন নাও করতে পারে।
- শেখার একটা নির্দিষ্ট সময়ের শেষে প্রায়ই যাচাই ও পরীক্ষা সম্পন্ন হয় এবং সাধারণত তার জন্য কোনো প্রকার মতামত প্রদান করা হয় না। এর মানে তাদের ফলাফল নিয়ে সময়োপযোগী এবং ধারাবাহিকভাবে কোন কাজ

করা যাবে না।

- যাচাই ও পরীক্ষা ভাষা শেখার দিক থেকে মূল্যায়ন করা হয় যেমন বোধগম্যতা, ব্যাকরণ এবং শব্দভাণ্ডার, তবে শোনা বা বলার দক্ষতার দিক থেকে নয়।
- শিক্ষকেরা তাদের পাঠ চলাকালীন একই সময়ে তাদের শিক্ষার্থীদের নিরীক্ষণের জন্য সাধারণত খুবই ব্যস্ত থাকেন।
- শিক্ষার্থীদের তাদের কাজের উপর দেওয়া মতামত উপেক্ষা করার ঝোঁক থাকে। তারা শুধুমাত্র তাদের সামগ্রিক গ্রেডে আগ্রহী।
- মূল্যায়ন নথি (record) রাখা সময়সাপেক্ষ হতে পারে। তাছাড়া, নথি কোনো শিক্ষার্থীর ক্ষমতার একটা বাস্তব ছবি সবসময় প্রদান করে না।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনার নিজের শ্রেণি অনুশীলনের ক্ষেত্রে উপরের বিবৃতিতে আপনার জবাব কী কী প্রভাব ফেলবে? এই বিষয়গুলোতে সমাধান করতে কী কী পরিবর্তন আপনি করতে পারেন?
- আপনি আপনার শিক্ষার্থীদের মূল্যায়ন করতে কোন তথ্য সবচেয়ে দরকারী বিবেচনা করেন?

# 2 আপনার শ্রেণি নিরীক্ষণ করা

## অ্যাক্টিভিটি 2: নিরীক্ষণ ও মতামত দান

সম্পদ 1, 'নিরীক্ষণ ও মতামত দান' পড়ুন। আপনার পড়া নথির টীকা লিখুন, ইতিমধ্যে আপনার বাস্তবায়ন করা, আপনাকে আকর্ষণ করে এমন এবং আপনি যা সহজেই বাস্তবায়ন করতে পারেন, এবং আপনার কোন প্রশ্ন থাকলে নোট করুন। একজন সহকর্মীর সঙ্গে এটা করুন এবং সম্ভব হলে, আপনার নোট তুলনা করুন।

### ভিডিও: নিরীক্ষণ ও মতামত দান

পরবর্তী দুটো অ্যাক্টিভিটি – যা বিভিন্ন দিনে গ্রহণ করা উচিত – আপনার শিক্ষার্থীদের কাজ উদ্দেশ্যমূলক ভাবে নিরীক্ষণ করতে আহ্বান জানায়।

## অ্যাক্টিভিটি 3: পুরো শ্রেণি নিরীক্ষণ



**চিত্র 1** সমগ্র শ্রেণি নিরীক্ষণ

আপনার শিক্ষার্থীদের প্রায় 15 মিনিটের জন্য স্বাধীনভাবে ও নিঃশব্দে করতে কিছু শ্রেণির কাজ দিন। একটা ছোট পাঠ্যপুস্তক ভিত্তিক পড়া বা লেখার অ্যাক্টিভিটি এর জন্য আদর্শ হতে পারে। আপনার শিক্ষার্থীদের কাজ করার সময়, তাদের পিছনে দাঁড়ান ও পর্যবেক্ষণ করুন। নিম্নলিখিত প্রশ্নগুলো বিবেচনা করুন:

- আপনার শিক্ষার্থীরা কোন ধরনের কাজ করছে?
- কি করতে হবে সেই বিষয়ে তাদের মধ্যে কাউকে কি অনিশ্চিত দেখায়? আপনি কীভাবে জানলেন?
- আপনার শিক্ষার্থীরা কী বিভিন্ন গতিতে কাজ করছে? আপনি কীভাবে বলতে পারেন?
- যারা দ্রুততর তাদের শেষ হয়ে গেলে তারা কী করতে পারে?
- সময়সীমার মধ্যে আপনার কিছু শিক্ষার্থী শেষ করতে পারবে না আপনি কি এমন প্রত্যাশা করছেন? কীভাবে তাদের সহায়তা দেওয়া যাবে?
- আপনার তাদেরকে দেওয়া কাজ থেকে আপনি কীভাবে আপনার শিক্ষার্থীদের শেখার মূল্যায়ন করবেন?

## অ্যাক্টিভিটি 4: দল নিরীক্ষণ করা



**চিত্র 2** দল নিরীক্ষণ করা

পাঁচ বা ছয়টা দলের মধ্যে আপনার শ্রেণিকে ভাগ করুন এবং তাদেরকে একটা সংক্ষিপ্ত আলোচনা-ভিত্তিক কাজ করতে বলুন। একটা ছবিসহ একটা গল্প তৈরি করতে বা কোন সমস্যা অথবা কোন বিতর্কিত প্রশ্নের প্রত্যুত্তর দিতে এটা অন্তর্ভুক্ত হতে পারে। দল আলোচনা 15 মিনিটের বেশি সময় ধরে করা উচিত নয়। কীভাবে একসঙ্গে ভদ্রভাবে কাজ করবে, পালা করে ও একজন অপরজনের অবদান শুনবে তা আপনার শিক্ষার্থীদের মনে করিয়ে দিন।

আপনার শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করতে এবং তাদের কথা শুনতে শ্রেণির চারদিকে হাঁটুন।

নিম্নলিখিত প্রশ্নগুলো বিবেচনা করুন:

- আপনার শিক্ষার্থীরা কোন ধরনের জিনিস করছে?
- তারা আপনার নির্দেশাবলী বুঝতে পেরেছিল? আপনি কীভাবে বলতে পারেন?
- কীভাবে তারা কাজের জন্য নিজেদের সংগঠিত করেছে?
- তাদের কি অতিরিক্ত সহায়তার প্রয়োজন? যদি তাই হয়, তবে কি ধরনের?
- কোন শিক্ষার্থী কি চুপচাপ?
- কোনো শিক্ষার্থী কি বিশেষভাবে আত্মবিশ্বাসী?
- আপনি কীভাবে আপনার শিক্ষার্থীদের অংশগ্রহণ এবং কাজ থেকে শেখা মূল্যায়ন করবেন?

## চিন্তার জন্য সাময়িক বিরতি

অ্যাক্টিভিটি 3 ও 4 ব্যক্তিগতভাবে এবং কোন দলে আপনার শিক্ষার্থীদের নিজেদের ভাষা এবং সাক্ষরতা সম্পর্কিত নেওয়া কাজগুলো পর্যবেক্ষণ এবং নিরীক্ষণ করতে আপনাকে আহ্বান করে।

- পর্যবেক্ষণ করা দুটি কাজ কীভাবে তুলনীয়?
- স্বতন্ত্রভাবে এবং কোন দলে উভয় ভাবে আপনার শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করাটা কতটা সহজ ছিল?
- এটা করা থেকে আপনি কী শিখলেন?
- আপনি কীভাবে এই তথ্য রেকর্ড করতে পারেন?

কোন কার্যকর শিক্ষকের সতর্ক পর্যবেক্ষণ হল প্রধান দক্ষতা, কারণ তাঁদের নির্ধারণ করা কাজ থেকে তাঁদের কোন শিক্ষার্থী কতটা শিক্ষালাভ করেছে সেটা অনুমান করতে এটা তাদের সাহায্য করে।

এই ধরনের পর্যবেক্ষণে পুরো শ্রেণি, ছোট ছোট দল বা ব্যক্তিগত শিক্ষার্থীরা অন্তর্ভুক্ত হলে, নিম্নলিখিত প্রশ্ন শিক্ষকের চিন্তাভাবনার প্রথমেই আসা উচিত: এই পাঠ থেকে আমার শিক্ষার্থীরা কি অভিজ্ঞতা পেয়েছে এবং কি বুঝেছে?

# 3 শিক্ষার্থীদের মূল্যায়ন এবং মতামত প্রদানের বিভিন্ন দৃষ্টিভঙ্গি

কেস স্টাডি 1-এ শিক্ষার্থীদের মূল্যায়ন এবং মতামত প্রদানে আপনি দুজন শিক্ষকের দৃষ্টিভঙ্গি সম্বন্ধে পড়বেন

## কেস স্টাডি 1: শিক্ষার্থীদের মূল্যায়ন এবং মতামত প্রদানে দুজন শিক্ষকের দৃষ্টিভঙ্গি

*মিঃ আনোয়ার হোসেন, পশ্চিম দিনাজপুরের কাছাকাছি একটা গ্রামীণ বিদ্যালয়ের চতুর্থ শ্রেণিতে শিক্ষা দান করেন।*

সম্প্রতি আমি Swadesh (Butterfly – English Textbook for class IV, Pg 69)' এর শিক্ষণ সমাপ্ত করেছি।

আমার শিক্ষার্থীদের বানান দক্ষতা পরীক্ষা করে আমি এটার পরবর্তী কাজ করার সিদ্ধান্ত নিয়েছি। আমি পাঠ থেকে দশটা কঠিন শব্দ ব্ল্যাকবোর্ডে লিখি এবং আমার শিক্ষার্থীদের নিজেদের নোটবুকে কপি করতে এবং পরের দিন সেগুলোর উপর পরীক্ষা জন্য প্রস্তুত হতে বলি।

পরের দিন সকালে, আমি আবার শব্দগুলো পড়ি এবং আমার শিক্ষার্থীদের সেগুলো লিখতে বলি। আমি তাদের নোটবই নিই, তাদের কাজে নম্বর দিই এবং তাদের এটা ফিরিয়ে দিই।

অনেক শিক্ষার্থী পূর্ণ নম্বর পেয়েছিল। কয়েকজন বানান ভুল করেছিল এবং ভাল স্কোর করেনি। আমি সর্বোচ্চ স্কোর করা শিক্ষার্থীদের হাত তুলতে বলি, তারপর সর্বনিম্ন স্কোর করা শিক্ষার্থীদের হাত তুলতে বলি। যারা ভাল স্কোর করেনি তাদের আমি আবার বাড়িতে শব্দ লেখা অভ্যাস করতে বলি।

*শ্রী অমল সিংহরায়, কলকাতার একটা বড় বিদ্যালয়ের পঞ্চম শ্রেণিতে পড়ান।*

আমি আমার শিক্ষার্থীদের শেষ কয়েকটা পাঠে দেখা শব্দগুলোর বানানের মূল্যায়ন করতে চেয়েছিলাম। আমি এই ঘোষণা করে শুরু করি: 'আজ আমরা একটা শ্রুতলিপি অ্যাক্টিভিটি করবো।'

আমি আমার শিক্ষার্থীদের চারজনের দলে কাজ করতে বলি। আমি বুঝিয়ে বলি যে আমি পাঁচটা ছোট বাক্য পড়ব এবং তাদের লেখা শুরু করার আগে সতর্কতার সঙ্গে প্রতিটি বাক্য শুনতে হবে। সবাই আমার নির্দেশাবলী বুঝেছে কিনা আমি যাচাই করি। আমি তারপর বাক্যগুলো পাঠ করি, আমার শিক্ষার্থীদের সেগুলো এক এক করে লিখতে সময় দিই।

তাদের শেষ হলে, আমি আমার শিক্ষার্থীদের তাদের দলের অন্য সদস্যদের সঙ্গে নিজেদের বাক্যগুলো নিয়ে আলোচনা করতে, তাদের কাজের তুলনা করতে এবং প্রয়োজন হলে তা সংশোধন করতে বলি। অবশেষে, আমি তাদের আমার ব্ল্যাকবোর্ডে লেখাগুলোর সঙ্গে তাদের বাক্যগুলোর তুলনা করতে বলি।

কার্যকলাপের সময়, আমি শ্রেণিকক্ষের চারপাশে ঘুরি এবং কারা আলোচনায় অংশগ্রহণ করেছিল, কে প্রথমবার নিজেদের বাক্যগুলো সঠিক লিখেছিল এবং পরবর্তী কালে কাদের নিজেদের কাজে সঠিক করার প্রয়োজন পর্যবেক্ষণ করি। আমি আমার মূল্যায়ন বইতে এই পর্যবেক্ষণ নোট করি।

পরের দিন, আমার আগের দিনের কার্যকলাপে লক্ষ্য করা বৈশিষ্ট্যসূচক বানানের সমস্যা আমি পুরো শ্রেণিতে বর্ণনা করি। যেসব শিক্ষার্থীদের কাজটা নিয়ে সমস্যা ছিল তারা যেন সকলের সামনে প্রকাশ হয়ে গেছে এমন অনুভব না করে তা

নিশ্চিত করার জন্য আমি এটা করেছিলাম।

প্রতিটি বিষয়ের শেষে আমি এখন এই ধরনের একটা অ্যাক্টিভিটি করি। আমার শিক্ষার্থীরা এটার প্রত্যাশা করে বলে মনে হচ্ছে। আমি লক্ষ্য করেছি যে, প্রতিটি দলে একজন পারদর্শী শিক্ষার্থী অন্তর্ভুক্ত করলে এটা সবচেয়ে বেশি কার্যকর হয়, যেহেতু তারা অন্যদের সহায়তা করতে পারে।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- মিঃ হোসেন এবং মিঃ সিংহরায়-এর নিজেদের শিক্ষার্থীদের বানান ক্ষমতা মূল্যায়নে স্বতন্ত্র দৃষ্টিভঙ্গিগুলোতে আপনার প্রতিক্রিয়াগুলো কী কী?
- প্রতিটি দৃষ্টিভঙ্গির সুবিধা এবং অসুবিধাগুলো কী বলে আপনি মনে করেন?
- আপনার বর্তমান শ্রেণিকক্ষে অনুশীলনের এই দৃষ্টিভঙ্গিগুলোর কোনটি সবচেয়ে কাছাকাছি?

মূল্যায়নে মিঃ হোসেনের দৃষ্টিভঙ্গিতে শ্রেণির খুব সামান্য সময় খরচ হওয়ার সুবিধা আছে। তবে, এটা অন্যান্য শেখার থেকে আলাদা করে পরীক্ষা এবং যারা ভাল কাজ করেনি তাদের প্রতি মনোযোগ আকর্ষণ করা। মিঃ সিংহরায়-এর দৃষ্টিভঙ্গিতে মূল্যায়নে বেশি সময় লাগে, তবে সক্রিয়ভাবে এই প্রক্রিয়ায় তার শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করেন, শেখার জন্য কথা বলা অংশীভূত করেন, বানান সমস্যার সম্মুখীনদের সহায়তা করেন এবং পরে সহায়ক মতামত প্রদান করেন। বাক্যে শব্দ দৃঢ়ভাবে নিহিত করা থাকলে প্রসঙ্গের বাইরে মূল্যায়ন হওয়ার থেকেও বরং বানান পরীক্ষা আরো বেশি অর্থপূর্ণ হয়। এই দৃষ্টিভঙ্গির দীর্ঘমেয়াদী শিক্ষা লাভে ফলপ্রসূ হবার সম্ভাবনা অধিক।

# 4 নিজের লেখা মূল্যায়নে শিক্ষার্থীদের উৎসাহিত করা

প্রথাগতভাবে, শেখার মূল্যায়নে শুধুমাত্র শিক্ষকের দায়িত্ব বিবেচনা করা হয়েছে। অবশ্য, ক্রমবর্ধমান ভাবে, অনেক দেশের শিক্ষকেরা বুঝতে শুরু করেছেন যে শিক্ষার্থীরা নিজেদের অগ্রগতি মূল্যায়নে অন্তর্ভুক্ত হতে পারে এবং তাদেরকে অন্তর্ভুক্ত করা উচিত। স্ব-পর্যবেক্ষণ বা স্ব-মূল্যায়ন শিক্ষার্থীদের নিজেদের কাজ বিচার করার এবং সেটি উন্নত করার উপায় শনাক্ত করার ক্ষমতার উপর নির্ভর করে।

এখন কেস স্টাডি 2 পড়ুন।

## কেস স্টাডি 2: অবস্থানসূচক সোপান ব্যবহার করা

*শ্রীমতি ময়ূরী মন্ডল, জলপাইগুড়ির একজন শিক্ষিকা। এখানে তিনি একটা স্ব-মূল্যায়ন সরঞ্জাম বর্ণনা করেছেন যা তিনি পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের জন্য সফলভাবে ব্যবহার করেছেন।*

একটা শিক্ষণ প্রকাশনা পড়ার সময়, আমি এমন কিছু সম্পর্কে শিখেছিলাম যাকে 'অবস্থানসূচক সোপান' বলা হয়। আমি আমার শিক্ষার্থীদের নিয়ে এটা চেষ্টা করার সিদ্ধান্ত নিয়েছিলাম। 'অবস্থানসূচক সোপান'-এ, শিক্ষার্থী তার লেখার অংশ মূল্যায়ন করতে আমার সাথে সহযোগিতা করে। আমি শিক্ষার উদ্দেশ্য স্থির করি ও সেগুলো পূরণ করছে কিনা সে সম্পর্কে আমাদের উভয়েই সিদ্ধান্ত নিই। [সারণী 1-এ একটা উদাহরণ দেখানো হয়েছে।]

***সারণী 1*** *একটা অবস্থানসূচক সোপানের উদাহরণ যা কল্পনাপ্রবণ গল্প লেখার মূল্যায়ন করে। (Symons and Currans, 2008 থেকে নেওয়া)*

| | |
|---|---|
| **শিক্ষার্থীর নাম** | শশি সুর |
| **শ্রেণি** | V |

| **লেখার কাজ** | কল্পনাপ্রবণ গল্প লেখা | |
|---|---|---|
| | | |
| **শিক্ষার্থী** | **লেখার উদ্দেশ্য** | **শিক্ষক** |
| ✓ | কোন এক কল্পিত স্থান বা সময় আমার গল্পের আঙিনা | ✓ |
| ✓ | এটা বর্ণনা করে যে কী দেখা যেতে পারে বা শোনা যেতে পারে বা স্পর্শ করা যেতে পারে। | ✓ |
| ✓ | সেখানে কিছু কল্পিত চরিত্র আছে। | ✓ আপনার গল্পে এগুলোর থেকেও বেশি কিছু থাকতে পারে। হয়তো, একটা কল্পিত পাখি? |
| ✓ | আমি জাদুর মত স্পেশাল এফেক্ট ব্যবহার করেছিলাম। | ✓ |
| কীভাবে এটা করতে হয় আমি নিশ্চিত নই। আমি চেষ্টা করেছিলাম। | আমি কিছু বানানো শব্দ ব্যবহার করেছিলাম। | আপনি ভাল প্রচেষ্টা করেছেন। চিন্তা করবেন না, আমরা এটা নিয়ে কথা বলব। |
| ✓ | পরিবেশ তৈরি করার জন্য আমি বিশেষণ ব্যবহার করেছিলাম। | ✓ আরও কয়েকটা বেশি হলে ভাল হত। |
| | | |
| **আমার গল্পকে উন্নত করতে আমি কী করতে পারতাম** | আমার গল্পটা আমার অনেকবার পড়া দরকার। বানানের ব্যাপারে আমার আরও সতর্ক হওয়া প্রয়োজন। বানানো শব্দ সম্পর্কে আমার শেখা উচিৎ। গল্পটা লেখা শুরু করার আগে আমার গল্পটা সম্পর্কে ভাবা দরকার। | |

একটা অবস্থানসূচক সোপান দ্বারা, আমার নির্ধারিত পাঠ উদ্দেশ্য অনুযায়ী শিক্ষার্থীরা প্রথমে নিজেদের মূল্যায়ন করে (বাম-হাতের স্তম্ভ)। তারপর আমি তাদের কাজের মূল্যায়ন করি (ডান-হাতের স্তম্ভ)। তারপর তারা কী করার পরিকল্পনা করে তা লেখে (শেষ সারি)। এই প্রক্রিয়াটি শুধু নিজস্ব অগ্রগতি নিরীক্ষণ করতে শিক্ষার্থীদের যুক্ত করে না বরং তাদের অতিরিক্ত পড়া ও লেখার অনুশীলনের সুযোগ দেয়।

আমি লেখার বিকাশের বিভিন্ন ক্ষেত্রগুলো নিয়ে, সৃষ্টিশীল বা তথ্য-ভিত্তিক যাই হোক, আর সব ধরনের সক্ষমতার শিক্ষার্থীদের নিয়ে, তাদের পাঠ উদ্দেশ্যসমূহের সাথে সঙ্গতি রেখে মূল্যায়ন সোপান ব্যবহার করতে পারি।

কখনও কখনও একটা যৌথ কাজ মূল্যায়ন করতে আমি একজন বেশি বয়সী বা বেশি সক্ষম শিক্ষার্থীর সাথে কমবয়সী বা কম আত্মবিশ্বাসী শিক্ষার্থীর জুটি তৈরি করি। আমার শিক্ষার্থীরা তাদের খাতার মধ্যে অবস্থানসূচক সোপান রাখে, যাতে আমি সময়ে সময়ে তাদের অগ্রগতি পর্যালোচনা করতে পারি।

তাদের নিজস্ব মূল্যায়নে যুক্ত হওয়া আমার শিক্ষার্থীদের পক্ষে অত্যন্ত প্রেরণাদায়ক। আমাদের উভমুখী লিখিত আদানপ্রদানের ফল হিসেবে আমি তাদের কাজে উন্নতি লক্ষ্য করি।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- শিক্ষার্থী ও শিক্ষকের মধ্যে এইরূপ যৌথ মূল্যায়ন সম্পর্কে আপনার উপলব্ধি কী? এর সুবিধাগুলো কী কী? সম্ভাব্য চ্যালেঞ্জগুলো কী কী?
- অবস্থানসূচক সোপান থেকে গৃহীত তথ্য আপনার পাঠ পরিকল্পনায় কীভাবে কাজে লাগতে পারে?

## অ্যাক্টিভিটি 5: একটা অবস্থানসূচক সোপান গঠন

সারণী 1-এর উদাহরণকে নির্দেশিকা হিসেবে ব্যবহার করে, আপনার শিক্ষার্থীরা লেখার বিকাশের যে ক্ষেত্রের সঙ্গে যুক্ত সেটার জন্য আপনার নিজস্ব অবস্থানসূচক সোপান গঠন করুন।

সারণী 2 একটা অবস্থানসূচক সোপানের শুরুর দিকটা দেখায় যেটা বর্ণনামূলক লেখার মূল্যায়ন করে। আপনার পাঠের সাথে যেটা সবথেকে উপযোগী সেই অনুসারে আপনি সোপানকে পরিবর্তন করতে পারেন।

***সারণী 2** একটা অবস্থানসূচক সোপানের শুরুর দিক যেটা বর্ণনামূলক লেখার মূল্যায়ন করে*

| | | |
|---|---|---|
| **শিক্ষার্থীর নাম** | | |
| **শ্রেণি** | | |
| **লেখার কাজ** | বর্ণনামূলক লেখা | |
| | | |
| **শিক্ষার্থী** | **লেখার উদ্দেশ্য** | **শিক্ষক** |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| **আমার গল্পকে উন্নত করতে আমি কী করতে পারতাম** | | |

একবার আপনার অবস্থানসূচক সোপান প্রস্তুত করা হয়ে গেলে এটার ফটোকপি করুন এবং আপনার শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করুন। সম্ভব হলে একটা সম্পূর্ণ করা সংস্করণ ব্যবহার করে তাদের বোঝান এটা কীভাবে কাজ করে।

এক মাস বা একটা মেয়াদ ধরে ঐ সোপান ব্যবহার করার চেষ্টা করুন, নিশ্চিত করুন যে সেই সময়কালের মধ্যে আপনার সব শিক্ষার্থী তাদের মতামত দিয়েছে।

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনার শিক্ষার্থীদের সাথে একটা অবস্থানসূচক সোপান ব্যবহার করার ক্ষেত্রে আপনার অভিজ্ঞতা কেমন ছিল?
- তারা কীভাবে সাড়া দিয়েছিল?
- অবস্থানসূচক সোপান ব্যবহার করার ফলস্বরূপ আপনি কি তাদের ভাষা এবং সাক্ষরতা উন্নয়নের ক্ষেত্রে কোন সুবিধা লক্ষ্য করেছিলেন?
- আপনার পাঠ পরিকল্পনাকে অবহিত করতে আপনি কীভাবে এই মূল্যায়ন কৌশল ব্যবহার করেছিলেন?

সম্পদ 2, ‘অগ্রগতি ও কর্মক্ষমতার মূল্যায়ন’, কার্যকরী মূল্যায়ন রীতির বিষয়ে আরও তথ্য ও পরামর্শ প্রদান করে।

### ভিডিও: অগ্রগতি ও কর্মক্ষমতার মূল্যায়ন

# 5 সারসংক্ষেপ

এই ইউনিট আপনার শিক্ষার্থীদের ভাষার শ্রেণিতে নিয়মিত ভিত্তিতে নিরীক্ষণ, মূল্যায়ন ও মতামতের অ্যাক্টিভিটি সংহত করার উপায়গুলোর ওপর মনোযোগ দিয়েছে। এই ধরনের অনুশীলনসমূহ আপনার শিক্ষার্থীদের কথা বলা ও লেখার নিত্যনতুন দক্ষতা সম্পর্কে মূল্যবান তথ্য দিতে পারে, যা আপনার শিক্ষাদানকে ব্যক্তি ও সামগ্রিক ভাবে শ্রেণির চাহিদা পূরণের যোগ্য করে তুলতে আপনাকে সক্ষম করে। অনুশীলনের সাথে সাথে, শিক্ষা, নিরীক্ষণ, মূল্যায়ন ও মতামত দানকে মিলিত করা শ্রেণিকক্ষে আপনার ভূমিকার স্বাভাবিক অংশ হয়ে উঠবে।

# সম্পদসমূহ

## সম্পদ 1: নিরীক্ষণ করা ও মতামত দেওয়া

শিক্ষার্থীদের কর্মসম্পাদন ক্ষমতা উন্নত করার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে প্রতিনিয়ত তাদের নিরীক্ষণ ও সাড়া দেওয়া, যাতে তারা জানতে পারে যে তাদের কাছে কি আশা করা হচ্ছে এবং কাজ সম্পূর্ণ হওয়ার পর যাতে তারা শিক্ষকের বাহবা বা মতামত পায়। আপনার গঠনমূলক মতামতের মাধ্যমে তারা তাদের কর্মসম্পাদন ক্ষমতা উন্নত করতে পারে।

### নিরীক্ষণ

কার্যকরী শিক্ষকগণ বেশিরভাগ সময় তাঁদের শিক্ষার্থীদের নিরীক্ষণ করেন। বেশিরভাগ শিক্ষক সাধারণত, তাঁদের শিক্ষার্থীরা শ্রেণিতে কী করে তা শুনে ও পর্যবেক্ষণ করে তাদের কাজ নিরীক্ষণ করেন। শিক্ষার্থীদের অগ্রগতি নিরীক্ষণ করা গুরুত্বপূর্ণ কারণ এটা নিম্নলিখিত বিষয়গুলোতে তাদের সাহায্য করে:

- উচ্চতর গ্রেড অর্জন করতে
- তাদের কর্মসম্পাদন ক্ষমতা সম্পর্কে আরও সচেতন হতে এবং তাদের শেখার ক্ষেত্রে আরও দায়িত্বশীল হতে
- তাদের শেখার উন্নতি ঘটাতে
- রাজ্য ও স্থানীয় স্তরে পারদর্শিতার অভিক্ষাগুলোতে কৃতিত্বের পূর্বাভাস করতে।

এটা শিক্ষক হিসাবে আপনাকে আরও যে বিষয়গুলোতে সাহায্য করবে সেগুলো হলো:

- কখন একটি প্রশ্ন জিজ্ঞাসা করা হবে অথবা সংকেত প্রদান করতে হবে
- কখন প্রশংসা করতে হবে
- চ্যালেঞ্জ করা যাবে কিনা
- কেমন করে বিভিন্ন দলের শিক্ষার্থীদের একটি কাজের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে
- ভুলগুলি সম্পর্কে কি করা হবে।

শিক্ষার্থীদের অগ্রগতির ওপর স্পষ্ট ও দ্রুত মতামত দেওয়া হলে তারা সব থেকে বেশি উন্নতি করে। নিরীক্ষণ কাজে লাগালে আপনাকে নিয়মিত মতামত দিতে, আপনার শিক্ষার্থীরা কেমন করছে এবং তাদের শেখাকে এগিয়ে নিয়ে যেতে তাদের আর কী কী করা উচিৎ তা তাদের জানাতে সক্ষম করবে।

আপনি যে চ্যালেঞ্জগুলোর সম্মুখীন হবেন তার একটা হল শেখার ক্ষেত্রে তাদের নিজস্ব লক্ষ্য নির্ধারণ করতে শিক্ষার্থীদের সাহায্য করা, যা আত্ম-নিরীক্ষণ নামেও পরিচিত। শিক্ষার্থী, বিশেষভাবে যারা সমস্যার সম্মুখীন থাকে, তারা নিজ শিখন বিষয়ে দায়িত্বশীল হতে অভ্যস্ত থাকে না। কিন্তু আপনি যেকোনো শিক্ষার্থীকে একটা প্রকল্পের জন্য নিজস্ব লক্ষ্য বা উদ্দেশ্য নির্ধারণ করতে, তাদের কাজের পরিকল্পনা করতে ও সময়সীমা ঠিক করতে, এবং তাদের অগ্রগতির আত্ম-নিরীক্ষণ করতে সাহায্য করতে পারেন। এই প্রক্রিয়ার অনুশীলন এবং আত্ম-নিরীক্ষণের দক্ষতা অর্জন তাদের বিদ্যালয়ে এমনকি সারা জীবন ধরে তাদের লাভ দেবে।

## শিক্ষার্থীদের কথা শোনা ও তাদেরকে পর্যবেক্ষণ করা

বেশিরভাগ সময় শিক্ষার্থীদের কথা শোনা ও তাদেরকে পর্যবেক্ষণ করা শিক্ষকদের দ্বারা স্বাভাবিকভাবে হয়ে থাকে; এটা একটা সরল নিরীক্ষণ উপকরণ। উদাহরণস্বরূপ, আপনি:

- আপনার শিক্ষার্থীদের উচ্চস্বরে পড়তে শুনতে পারেন
- জুটিতে বা গ্রুপের কাজে আলোচনাগুলো শুনতে পারেন
- শিক্ষার্থীদের বাইরে বা শ্রেণিকক্ষে সম্পদ ব্যবহার পর্যবেক্ষণ করতে পারেন
- তাদের কাজ করার সময় গ্রুপগুলোর দৈহিক ভাষা পর্যবেক্ষণ করতে পারেন।

নিশ্চিত করুন যে আপনার সংগৃহীত পর্যবেক্ষণগুলো শিক্ষার্থীদের শেখা বা অগ্রগতির প্রকৃত প্রমাণ। একমাত্র যা আপনি দেখতে, শুনতে, যাচাই করতে বা গণনা করতে পারেন সেটা নথিবদ্ধ করুন।

শিক্ষার্থীরা কাজ করার সময়, সংক্ষিপ্ত পর্যবেক্ষণমূলক নোট নেওয়ার জন্য শ্রেণিকক্ষের মধ্যে ঘুরুন। কোন শিক্ষার্থীদের আরও বেশি সাহায্য প্রয়োজন তা রেকর্ড করতে এবং কোনও সম্ভাব্য ভুল বোঝাবুঝি নোট করতে আপনি একটা শ্রেণি তালিকা ব্যবহার করতে পারেন। সমগ্র শ্রেণিকে মতামত দিতে অথবা গ্রুপ বা ব্যক্তিদের প্ররোচিত করতে বা উৎসাহ দিতে আপনি এই পর্যবেক্ষণ ও নোটগুলো ব্যবহার করতে পারেন।

### মতামত দান

মতামত হল এমন তথ্য যা কথিত লক্ষ্য অথবা আশা করা ফলাফলের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থী কেমন সম্পাদন করছে সে সম্পর্কে আপনি তাদের দেন। কার্যকরী মতামত শিক্ষার্থীকে প্রদান করে:

- যা ঘটেছে সে সম্পর্কে তথ্য
- কাজ বা দায়িত্ব কতটা ভালভাবে সম্পাদিত হয়েছে তার একটা মূল্যায়ন
- তাদের কর্মসম্পাদন ক্ষমতা কীভাবে উন্নত করা যায় তার নির্দেশিকা।

আপনি যখন প্রতিটি শিক্ষার্থীকে মতামত দেন, তখন তা অবশ্যই তাদেরকে নিচের বিষয়বস্তুগুলো জানতে সাহায্য করে।

- তারা প্রকৃতপক্ষে কী করতে পারে

- তারা এখনও কী করতে পারে না
- তাদের কাজ অন্যদের কাজের তুলনায় কেমন
- তারা কীভাবে উন্নতি করতে পারে।


স্মরণে রাখা গুরুত্বপূর্ণ যে কার্যকরী মতামত শিক্ষার্থীদের সাহায্য করে। আপনার মতামত অস্পষ্ট বা অন্যায্য বলে শিক্ষার্থীর শেখা বাধাপ্রাপ্ত হোক তা আপনি চান না। কার্যকরী মতামত হল:

- গৃহীত কাজের উপর এবং শিক্ষার্থীর প্রয়োজনীয় শেখাকে **লক্ষ্য রেখে করা হয়**
- **স্পষ্ট ও সঠিক**, শিক্ষার্থীদের শেখার কোনটা ভাল আর কোথায় উন্নতি করা দরকার তা তাদের বলা
- **কার্যে পরিণত করতে সক্ষম**, শিক্ষার্থীকে এমন কিছু করতে বলা যেটা তারা করতে পারে
- উপযুক্ত ভাষায় প্রদত্ত যা শিক্ষার্থীরা বুঝতে পারে
- উপযুক্ত সময়ে প্রদত্ত – এটা বেশি তাড়াতাড়ি দেওয়া হলে, শিক্ষার্থী ভাববে ‘আমি তো সেটাই করতে যাচ্ছিলাম!’; বেশি দেরি হলে, শিক্ষার্থীর দৃষ্টি অন্যদিকে নিবদ্ধ হতে পারে এবং তাদের যা বলা হবে, তারা ফিরে গিয়ে সেটা করতে চাইবে না।

মতামত মুখেই বলা হোক বা শিক্ষার্থীর খাতায় লেখা থাক, নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করলে এটা আরও কার্যকরী হবে।

## প্রশংসা এবং ইতিবাচক ভাষা ব্যবহার

আমাদের যখন প্রশংসা করা হয় ও উৎসাহ দেওয়া হয়, তা সাধারণত আমাদের যখন সমালোচনা করা হয় বা সংশোধন করা হয় তার থেকে অনেক বেশি ভাল লাগে। উৎসাহ দান ও ইতিবাচক ভাষা পুরো শ্রেণি এবং সব বয়সের ব্যক্তিদের জন্য প্রেরণাদায়ক। মনে রাখবেন যে প্রশংসা যেন অবশ্যই নির্দিষ্ট এবং যে কাজ করা হয়েছে তার ওপর হয়, শিক্ষার্থীদের নিজেদের সম্পর্কে নয়, তা না হলে এটা শিক্ষার্থীদের অগ্রগতিতে সাহায্য করবে না। ‘শাবাশ’ বলাটা নির্দিষ্ট নয়, তাই নিচের মত বলা ভাল:





## সংশোধনের পাশাপাশি সংকেতের ব্যবহার

আপনার শিক্ষার্থীদের সঙ্গে আপনার সংলাপ তাদের শেখায় সাহায্য করে। আপনি যদি তাদের বলেন কোনো উত্তর ভুল এবং সেখানেই কথা শেষ করে দেন, তাহলে তাদের ভাবতে দেওয়ার এবং নিজেদের চেষ্টা করতে দেওয়ার সুযোগ হারান। আপনি যদি শিক্ষার্থীদের কোন ইঙ্গিত দেন অথবা তাদের আরও কোন প্রশ্ন করেন, তবে আপনি তাদের আরও গভীরভাবে ভাবতে সাহায্য করেন এবং উত্তর খোঁজার এবং নিজেদের শেখার দায়িত্ব নিতে তাদের উৎসাহ দেন। উদাহরণস্বরূপ, এই ধরনের কথা বলে আপনি আরও ভাল উত্তর দিতে বা একটা সমস্যা ভিন্ন দৃষ্টিকোণ থেকে দেখতে উৎসাহ দিতে পারেন:



অন্যান্য শিক্ষার্থীদেরকে পরস্পরকে সাহায্য করতে উৎসাহ দেওয়া যথাযথ হতে পারে। এরকম মন্তব্য সহ আপনি আপনার প্রশ্নগুলো শ্রেণির বাকিদের সামনে রেখে এটা করতে পারেন যেমন:




বানান বা সংখ্যার অনুশীলনের মত কাজগুলোর ক্ষেত্রে 'হ্যাঁ' বা 'না' দিয়ে শিক্ষার্থীদের সংশোধন করা যথাযথ হতে পারে, কিন্তু এখানেও আপনি শিক্ষার্থীদের উত্তরের মধ্যে উদ্ভূত প্যাটার্ন দেখতে উৎসাহিত করতে পারেন, একই রকম উত্তরগুলোর মধ্যে সংযোগ করে দেখাতে পারেন অথবা নির্দিষ্ট কোন উত্তর ভুল কেন সে সম্পর্কে আলোচনা শুরু করতে পারেন।

স্ব-সংশোধন এবং সমকক্ষের সংশোধন কার্যকরী এবং জুটিতে কাজ করার সময় শিক্ষার্থীদের নিজস্ব ও পরস্পরের কাজ পরীক্ষা করতে বলে আপনি এতে উৎসাহিত করতে পারেন। যাতে খুব বেশি বিভ্রান্তিকর তথ্য না আসে তাই একবারে একটা দিক সংশোধন করার ওপর দৃষ্টি নিবদ্ধ করা সবথেকে ভাল।

# সম্পদ 2: অগ্রগতি ও কর্মক্ষমতার মূল্যায়ন

শিক্ষার্থীদের শিক্ষণের মূল্যায়ন করার দুটি উদ্দেশ্য থাকতে পারে:

- **পর্যায়ক্রমিক মূল্যায়ন** নির্দিষ্ট সময়কালের বিচার করে এবং ইতিমধ্যেই কী শেখা হয়েছে সে বিষয়ে বিবেচনা করে। সাধারণত গ্রেড দিয়ে অভীক্ষার মাধ্যমে এটা পরিচালিত হয়, যা শিক্ষার্থীদের সেই অভীক্ষার প্রশ্নগুলোর ওপর সাফল্য সম্পর্কে জানায়। এটা ফলাফলের রিপোর্ট প্রস্তুত করতেও সাহায্য করে।
- **প্রস্তুতিকালীন মূল্যায়ন** (অথবা শেখার জন্য মূল্যায়ন) অনেক আলাদা। এর প্রকৃতি হল অ-প্রথাগত ও নির্ণয়মূলক। শিক্ষকরা তাঁদের শিক্ষণ প্রক্রিয়ার অংশ হিসাবে এটা ব্যবহার করেন, উদাহরণস্বরূপ, শিক্ষার্থীরা কোন কিছু বুঝেছে কিনা পরীক্ষা করার জন্য প্রশ্ন করা। তারপর পরবর্তী শিখন অভিজ্ঞতাকে পরিবর্তিত করতে এই মূল্যায়নের ফলাফল কাজে লাগানো হয়। নিরীক্ষণ এবং মতামত গঠনমূলক মূল্যায়নের অংশ।

গঠনমূলক মূল্যায়ন শিখনকে উন্নত করে কারণ শেখার জন্য প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই:

- তারা কী শিখবে বলে আশা করা হয় তা বুঝতে হবে
- সেই শিখনের কোন অবস্থায় তারা আছে জানতে হবে
- বুঝতে হবে তারা কীভাবে উন্নতি করতে পারে (কী পড়তে হবে এবং কীভাবে পড়তে হবে)
- যখন তারা আশানুরূপ লক্ষ্য ও ফলাফলে পৌঁছবে তা জানবে।

আপনি যদি প্রত্যেক পাঠের ক্ষেত্রে ওপরের চারটে পয়েন্টে নজর দেন তবে শিক্ষক হিসাবে আপনি আপনার শিক্ষার্থীদের কাছ থেকে সেরা ফল পাবেন। এইভাবে নির্দেশের আগে, চলাকালীন এবং পরে মূল্যায়ন হতে পারে।


- **আগে:** পঠন-পাঠন শুরু হওয়ার আগে মূল্যায়ন আপনাকে শনাক্ত করতে সাহায্য করে শিক্ষার্থীরা কী জানে এবং নির্দেশের আগেই কী করতে পারে। এটা ভিত্তিরেখা নির্দিষ্ট করে এবং আপনার শিক্ষনের পরিকল্পনা করার জন্য আপনাকে একটা শুরুর ধারনা দেয়। আপনার শিক্ষার্থীরা কী জানে সে সম্পর্কে আপনার বোধকে উন্নত করলে

শিক্ষার্থীরা ইতিমধ্যেই দক্ষ এমন কোন বিষয়ে আবার পঠন-পাঠন করালে বা সম্ভবত তাদের জানা বা বোঝা উচিৎ (কিন্তু এখনও জানে না) এমন কোনো বিষয় বাদ পড়ে যাওয়ার সম্ভাবনা কমে যায়।

- **চলাকালীন:** শ্রেণিকক্ষে শিক্ষন চলাকালীন শিক্ষার্থীরা শিখছে কিনা এবং উন্নতি করছে কিনা দেখার জন্য মূল্যায়ন। আপনার শিক্ষন পদ্ধতি, সম্পদ এবং কার্যকলাপের সমন্বয়সাধন করতে এটি সাহায্য করবে। শিক্ষার্থী কাঙ্খিত লক্ষের দিকে কেমন অগ্রগতি করছে এবং আপনার শিক্ষন কতটা সফল তা বোঝার ক্ষেত্রে এটা আপনাকে সাহায্য করবে।
- **পরে:** শিক্ষনের পরের মূল্যায়ন নিশ্চিত করে যে শিক্ষার্থীরা কী শিখেছে এবং কে শিখেছে ও কার এখনও সহায়তা প্রয়োজন আপনাকে তা প্রদর্শন করে। এটা আপনার শিক্ষাদানের লক্ষ্যের কার্যকারিতা মূল্যায়ন করতে আপনাকে সাহায্য করে।

## আগে: আপনার শিক্ষার্থীরা কী শিখবে সে সম্পর্কে স্পষ্ট হওয়া

শিক্ষার্থীরা কোন পাঠ বা ক্রম পাঠগুলিতে অবশ্যই কী শিখবে আপনি তা ঠিক করলে, আপনার উচিৎ এটা তাদের সাথে শেয়ার করা। আপনি শিক্ষার্থীদের কী করতে বলছেন আর তার থেকে তারা কী শিখবে বলে আশা করা হচ্ছে এটাকে সতর্কভাবে পৃথক করুন। একটা মুক্ত (Open Ended) প্রশ্ন জিজ্ঞাসা করুন যা আপনাকে মূল্যায়ন করার সুযোগ দেবে যে তারা প্রকৃতই বুঝেছে কিনা। উদাহরণস্বরূপ:




শিক্ষার্থীদের উত্তর দেওয়ার আগে ভাবার জন্য কিছু সময় দিন, অথবা শিক্ষার্থীদের প্রথমে জুটিতে বা ছোট দলে তাদের উত্তরগুলো আলোচনা করে নেওয়ার জন্য বলতে পারেন। তারা আপনাকে তাদের উত্তর বলার সময়, আপনি জানতে পারবেন তাদের কী শিখতে হবে তারা বুঝতে পারছে কিনা।

## আগে: শিক্ষার্থীরা তাদের শেখার কোন স্থানে রয়েছে তা জানা

আপনার শিক্ষার্থীদের উন্নতিতে সাহায্য করার জন্য, আপনাকে ও তাদের উভয়কেই জানতে হবে তাদের বোধগম্যতার বর্তমান অবস্থাটা কী। একবার অভীষ্ট শিখন ফলাফল বা লক্ষ্য শেয়ার করার পরে আপনি যা করতে পারেন:

- তারা ইতিমধ্যেই বিষয়টা সম্পর্কে যা জানে তার মানসচিত্র বা তালিকা তৈরী করার জন্য শিক্ষার্থীদের জুটিতে কাজ করতে বলুন, এটা সম্পূর্ণ করার জন্য তাদের যথেষ্ট সময় দিন কিন্তু যাদের ধারণা কম তাদের খুব বেশি সময় দেবেন না। তারপর আপনার মানসচিত্র বা তালিকাগুলো পর্যালোচনা করে দেখা উচিৎ।
- গুরুত্বপূর্ণ শব্দভাণ্ডার বোর্ডে লিখুন এবং প্রত্যেক শব্দ সম্পর্কে তারা কী জানে বলার জন্য স্বেচ্ছাসেবকদের ডাকুন। তারপর ক্লাসের বাকিদের বলুন শব্দটা বুঝলে তারা যেন বুড়ো-আঙুল তোলে, খুব কম জানলে বা কিছুই না জানলে বুড়ো-আঙুল নিচের দিকে রাখে, এবং কিছু জানলে আঙুল সমান্তরাল রাখে।

কোথা থেকে শুরু করতে হবে তা জানার অর্থ আপনি আপনার শিক্ষার্থীদের জন্য প্রাসঙ্গিক ও গঠনমূলক পাঠ পরিকল্পনা করতে পারেন। আপনার শিক্ষার্থীরা কতটা ভালভাবে শিখছে তা মূল্যায়ন করতে পারাও গুরুত্বপূর্ণ যাতে আপনি এবং তারা

উভয়েই জানেন যে তারপর তাদের কী শিখতে হবে। আপনার শিক্ষার্থীদের শেখার দায়িত্ব নিজেদের ওপর নেওয়ার সুযোগ করে দেওয়া তাদের জীবন-ব্যাপী শিক্ষার্থী হওয়ার ক্ষেত্রে সাহায্য করবে।

## চলাকালীন: শিক্ষার্থীদের শেখার উন্নতি নিশ্চিত করা

আপনার শিক্ষার্থীদের সাম্প্রতিক অগ্রগতির ব্যাপারে কথা বলা সময় নিশ্চিত করুন যাতে আপনার মতামত তাদের কাছে উপযোগী ও গঠনমূলক হয়। এইভাবে তা করুন:

- শিক্ষার্থীদের শক্তির/ সাবলীল জায়গাগুলো এবং তারা কীভাবে পরে উন্নতি করতে পারে তা তাদের জানতে সাহায্য করে
- কিসে/ কোনক্ষেত্রে  আরও উন্নতি করতে হবে সে সম্পর্কে স্পষ্ট ধারণা তৈরী করে
- তারা কীভাবে তাদের শেখার বিকাশ ঘটাতে পারে সে সম্পর্কে ইতিবাচক হয়ে, তারা উপদেশ বোঝে কিনা এবং তা ব্যবহার করতে সক্ষম মনে করে কিনা তাও পরীক্ষা করে।

আপনাকে শিক্ষার্থীদের শিখন উন্নত করার জন্যও সুযোগ করে দিতে হবে। এর অর্থ হল আপনার শিক্ষার্থীরা এখন তাদের শেখার যে অবস্থানে আছে এবং আপনি তাদের যে অবস্থানে নিয়ে যেতে চান তার মাঝের ঘাটতি পূরণ করতে আপনাকে আপনার পাঠ পরিকল্পনা পরিবর্তন করতে হতে পারে। এর জন্য আপনাকে যা করতে হতে পারে:

- এমন কিছু কাজে ফিরে যাওয়া যা তারা ইতিমধ্যেই জানে বলে আপনি মনে করেন
- শিক্ষার্থীদের প্রয়োজন অনুসারে দলে ভাগ করা, আর তাদের ভিন্ন ভিন্ন কাজ দেওয়া
- অনেকগুলো সম্পদের মধ্যে কোনটা তাদের অধ্যয়ন করা দরকার সে ব্যাপারে শিক্ষার্থীদের নিজেদের সিদ্ধান্ত নিতে দেওয়া যাতে তারা 'নিজেদের ঘাটতি পূরণ করতে পারে'
- 'সহজ বোধ্য বা সহজসাধ্য, উচ্চ চ্যালেঞ্জপূর্ণ' কাজ ব্যবহার করুন যাতে সব শিক্ষার্থীর পক্ষে অগ্রগতি করা সম্ভব হয় – এগুলো এমনভাবে সাজান হয় যাতে সব শিক্ষার্থী কাজটা শুরু করতে পারে কিন্তু অধিকতর সক্ষমদেরও সীমাবদ্ধ করে দেওয়া হয় না এবং তাদের শিখনের সম্প্রসারণ ঘটাতে পারে।

বেশিরভাগ সময়েই পাঠের গতি কমিয়ে দিয়ে আপনি শেখার গতি বাড়াতে পারেন কারণ আপনি শিক্ষার্থীদের এটা ভাবা এবং বোঝার সময় ও ভরসা দেন যে উন্নতি করার জন্য তাদের কী করতে হবে। শিক্ষার্থীদের নিজেদের মধ্যে তাদের কাজ সম্পর্কে কথা বলতে দেওয়া, এবং তাদের ঘাটতিগুলো কোথায় ও কীভাবে তারা সেগুলো পূরণ করতে পারে তা প্রকাশ করার সুযোগ দেওয়ার মাধ্যমে, আপনি তাদের নিজেদের মূল্যায়ন করার উপায় দেখান।

## পরে: প্রমাণ সংগ্রহ করা ও ব্যাখ্যা করা, এবং অগ্রবর্তী পরিকল্পনা করা

শিক্ষন ও শিখন চলার সময় এবং কোন ক্লাসঘরের কাজ বা বাড়ির কাজ ঠিক করার পরে, গুরুত্বপূর্ণ হল:

- আপনার শিক্ষার্থীরা কতটা ভাল করছে তা দেখা
- পরবর্তী পাঠে আপনার পরিকল্পনার সুবিধার জন্য এটা ব্যবহার করা
- এটাকে মতামত সহ শিক্ষার্থীদের কাছে ফিরিয়ে দেওয়া।

মূল্যায়নের তিনটি মূল দশা নিচে আলোচিত হয়েছে।

### তথ্য বা প্রমাণ সংগ্রহ করা

প্রত্যেক শিক্ষার্থী ভিন্নরূপে, তাদের নিজস্ব গতিতে ও রীতিতে, স্কুলের ভেতরে এবং বাইরে শেখে। সুতরাং, শিক্ষার্থীদের মূল্যায়ন করার সময় আপনাকে দুটো কাজ করতে হবে:

- বিভিন্ন উৎস থেকে তথ্য সংগ্রহ করুন – আপনার নিজস্ব অভিজ্ঞতা, শিক্ষার্থী, অন্যান্য শিক্ষার্থী, অন্যান্য শিক্ষক, পিতামাতা এবং কম্যুনিটির সদস্যদের নিকট থেকে।
- শিক্ষার্থীদের ব্যক্তিগতভাবে, জুটিতে এবং দলে মূল্যায়ন করুন, এবং স্ব-মূল্যায়ন চালু করুন। যেহেতু কোন একক পদ্ধতি আপনাকে সমস্ত তথ্য দিতে পারে না, তাই বিভিন্ন পদ্ধতি ব্যবহার করা গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের শিক্ষণ ও অগ্রগতি সম্পর্কে তথ্য সংগ্রহ করার বিভিন্ন উপায় হল বিষয় ও থিমগুলো পর্যবেক্ষণ করা, শোনা, আলোচনা করা, এবং ক্লাসের ও বাড়ির লিখিত কাজের পর্যালোচনা করা।

## তথ্য সংগ্রহ করে লিপিবদ্ধ করা

ভারতব্যাপী সমস্ত স্কুলে রেকর্ড রাখার সবথেকে সাধারণ রূপ হল রিপোর্ট কার্ডের ব্যবহার, কিন্তু এতে শিক্ষার্থীর শেখা বা আচরণের সমস্ত দিকগুলো নথিভুক্ত করার সুযোগ নাও থাকতে পারে। এটা করার কিছু সহজ উপায় আছে যা আপনি বিবেচনা করে দেখতে পারেন, যেমন:

- শিখন-শিক্ষণ চলার সময় আপনি যা দেখছেন তা কোন দিনলিপি/নোটবই/রেজিস্টারে নোট করে রাখা
- শিক্ষার্থীদের কাজের নমুনা রাখা (লিখিত, শিল্প, হস্তশিল্প, প্রকল্প, কবিতা, ইত্যাদি) একটা পোর্টফোলিওতে
- সমস্ত শিক্ষার্থীর প্রোফাইল তৈরী করা
- শিক্ষার্থীদের যেকোন অস্বাভাবিক ঘটনা, পরিবর্তন, সমস্যা, ক্ষমতা এবং শেখার প্রমাণ রাখা।

## প্রমাণের ব্যাখ্যা করা

একবার তথ্য ও প্রমাণসমূহ সংগৃহীত ও নথিভুক্ত হয়ে গেলে, প্রত্যেক শিক্ষার্থী কীভাবে শিখছে এবং অগ্রগতি করছে সে সম্পর্কে বোধ গঠন করার জন্য এর ব্যাখ্যা করা গুরুত্বপূর্ণ। এজন্য সযত্ন অনুধ্যান ও বিশ্লেষণ প্রয়োজন। তারপর শিক্ষণ উন্নত করার জন্য আপনাকে আপনার প্রাপ্ত বিষয়গুলো নিয়ে কাজ করতে হবে, হতে পারে শিক্ষার্থীদের মতামত দেওয়ার মাধ্যমে অথবা নতুন নতুন সম্পদ বার করা, দলগুলোকে পুনর্গঠিত করা, অথবা শেখার বিশেষ কোন বিষয় পুনরায় করার মাধ্যমে।

## উন্নতির পরিকল্পনা

পৃথকীকৃত শিখন কার্যক্রম স্থাপন করে যে শিক্ষার্থীদের বেশি সাহায্য প্রয়োজন তাদের দিকে মনোযোগ দেওয়া ও যারা বেশি অগ্রণী তাদের চ্যালেঞ্জের সম্মুখীন করার মাধ্যমে মূল্যায়ন প্রত্যেক শিক্ষার্থীর জন্য অর্থপূর্ণ শিক্ষণের সুযোগ প্রদানে আপনাকে সাহায্য করতে পারে।

# অতিরিক্ত সম্পদসমূহ

- 'Using marking ladders to support children's self-assessment in writing' by Victoria Symons and Deborah Currans: http://www.campaign-for-learning.org.uk/cfl/assets/documents/CaseStudies/Wooler(%20final%20pdf).pdf
- 'Using marking ladders to support children's self-assessment of writing', a poster by Victoria Symons and Deborah Currans: http://www.campaign-for-learning.org.uk/cfl/assets/documents/CaseStudies/Yr1Wooler.pdf
- Documentation and reports on continuous assessment in elementary education: http://www.ncert.nic.in/departments/nie/dee/publication/report.html#

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Graham, J. and Kelly, A. (2010) 'Monitoring and assessing writing', Chapter 6 in *Writing under Control: Teaching Writing in the Primary School*. London: Routledge.

Graham, J. and Kelly, A. (2012) 'Monitoring and assessing reading', Chapter 4 in *Reading under Control: Teaching Reading in the Primary School*. London: Routledge.

Graves, D. (2003) *Writing: Teachers and Children at Work*. Portsmouth: Heinemann.

Symons, V. and Currans, D. (2008) 'Using marking ladders to support children's self-assessment in writing' (online), Campaign for Learning. Available from: http://www.campaign-for-learning.org.uk/cfl/assets/documents/CaseStudies/Wooler(%20final%20pdf).pdf (accessed 31 October 2014). Additionally, a poster by the same authors is available from: http://www.campaign-for-learning.org.uk/cfl/assets/documents/CaseStudies/Yr1Wooler.pdf (accessed 31 October 2014).

Tibetan Teachers Professional Development Website (undated) 'Source Book on Assessment for Classes I–V (Environmental Studies' (online). Available from: http://www.tibetanteachers.com/book-list-assessment/386-source-book-on-assessment-for-classes-i-v-environmental-studies (accessed 19 November 2014).

Walker, M. (2014) 'National assessment in India' (online), Research Developments, Australian Council for Educational Research, 11 March. Available from: http://rd.acer.edu.au/article/national-assessment-in-india (accessed 19 November 2014).

Butterfly English Textbook for Class V, Pg 77 and 78 West Bengal Board of Secondary Education

Butterfly, English Textbook for class IV West Bengal Board of Primary Education

# কৃতজ্ঞতাস্বীকার

তৃতীয় পক্ষের উপাদানগুলি ব্যতীত এবং অন্যথায় নীচে বর্ণিত না থাকলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ হয় (http://creativecommons.org/licenses/by-sa/3.0/)। নীচে স্বীকৃত উপাদানটি মালিকানাধীন এবং এই প্রকল্পের লাইসেন্সের অধীনে ব্যবহার করা হয় এবং ক্রিয়েটিভ কমনস লাইসেন্সের বিষয়বস্তু নয়। এর অর্থ এই উপাদানটি কেবল মাত্র TESS-ইন্ডিয়া প্রকল্পে অ্যাডাপ্ট না করেই ব্যবহার করতে পারা যায়, কোনও পরবর্তী OER সংস্করণগুলিতে পারা যায় না। এর মধ্যে TESS-ইন্ডিয়া, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার অন্তর্ভুক্ত।

এই ইউনিটে উপাদানটি পুনরুৎপাদনে অনুমোদন প্রাদনের জন্য নিম্নলিখিত উৎসগুলির প্রতি কৃতজ্ঞতা স্বীকার করা হয়:

টেবিল 1: সায়মনস, ভি .এবং কিউর্যান্স, ডি) .2008) 'লেখার ক্ষেত্রে শিশুদের আত্ম-মূল্যায়নে সহায়তা করার জন্য চিহ্নিতকারী মই ব্যবহার, শিক্ষণের জন্য ক্যাম্পেইন, http://www.campaignforlearning.org.uk থেকে গৃহীত। (Table 1: adapted from Symons, V. and Currans, D. (2008) 'Using marking ladders to support children's self-assessment in writing', Campaign for Learning, http://www.campaignforlearning.org.uk.)

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।